

জনশুমারিতে তথ্য দিন
উন্নয়নে অংশ নিন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
প্রশাসন-১ অধিশাখা
www.sid.gov.bd



নং-৫২.০০.০০০০.০০৫.৩৩.২৯২.৯১-৬৬৯

তারিখঃ ২১ আষাঢ় ১৪২৭
০৫ জুলাই ২০২০

শোক বার্তা

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের আওতাধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কম্পিউটার উইং এর পরিচালক এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের যুগ্মসচিব জনাব জাফর আহাম্মদ খান (৭৬৩০) Covid-19 এ আক্রান্ত হয়ে গত ২০ জুন ২০২০ তারিখ সরকারি কর্মচারী হাসপাতাল, ঢাকায় চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

০২। জনাব জাফর আহাম্মদ খান (৭৬৩০) ০১ জানুয়ারি ১৯৬৪ তারিখে বরিশাল জেলার এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি বিসিএস (পরিসংখ্যান) ক্যাডারের ৯ম ব্যাচের একজন কর্মকর্তা এবং ১৯৯১ সালে পরিসংখ্যান কর্মকর্তা (ক্যাডার) পদে সরকারি চাকরিতে যোগদান করেন।

০৩। জনাব জাফর আহাম্মদ খান (৭৬৩০) চাকরি জীবনে অত্যন্ত কর্তব্যপরায়ণ, দক্ষ, নিষ্ঠাবান ও সদালাপি কর্মকর্তা ছিলেন। তিনি মৃত্যুকালে স্ত্রী, এক পুত্র ও এক কন্যা সন্তান এবং অসংখ্য আত্মীয়-স্বজন ও গুণগ্রাহী রেখে গেছেন।

০৪। পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ জনাব জাফর আহাম্মদ খান (৭৬৩০) এর অকাল মৃত্যুতে গভীর শোক প্রকাশসহ তাঁর আত্মার মাগফিরাত কামনা করছে এবং মরহমের পরিবারের প্রতি আন্তরিক সমবেদনা জ্ঞাপন করছে।

মুহাম্মদ ইয়ামিন চৌধুরী
সচিব

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।

নং-৫২.০০.০০০০.০০৫.৩৩.২৯২.৯১-৬৬৯/৩০

তারিখঃ ২১ আষাঢ় ১৪২৭
০৫ জুলাই ২০২০

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/ প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
- ০২। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। অতিরিক্ত সচিব (প্রশাসন/উন্নয়ন/তথ্য ব্যবস্থাপনা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
- ০৪। মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।
- ০৫। যুগ্মসচিব (বাজেট, অডিট ও সমন্বয়), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
- ০৬। উপপরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (গেজেটে পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
- ০৭। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা।
- ০৮। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার এর কার্যালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ০৯। প্রোগ্রামার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা (শোক বার্তাটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১০। অফিস কপি।